

আনিসুল হকের স্মরণে মিলাদ মাহফিল

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৫:২২ পিএম, ১২ ডিসেম্বর ২০১৭



ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) সদ্যপ্রয়াত মেয়র আনিসুল হকের স্মরণে স্মৃতিচারণ, দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার সন্ধ্যায় ডিএনসিসি গুলশানের নগর ভবনে এ মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

ডিএনসিসির প্যানেল মেয়র মো. ওসমান গণির সভাপতিত্বে অনুষ্ঠিত মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী খন্দকার মোশাররফ হোসেন।

আনিসুল হককে স্মরণ করে মন্ত্রী বলেন, ঢাকা শহরের বিভিন্ন জায়গার উচ্ছেদ অভিযান কেবল আনিসুল হক ছিলেন বলেই সম্ভব হয়েছিল। যা কিছু করা অসম্ভব বলে মনে হয় তা আনিসুল হকই সম্ভব করতে পারতেন। তিনি যেখানে যেতেন সেখানেই আলোকিত করে রাখতেন। আনিসুল হক ছিলেন সর্বগুণে গুণান্বিত একজন মানুষ। তার উদ্যম, কর্মদক্ষতা, সাহস, প্রাণবন্ততা ছিল উল্লেখ করার মতো।

আনিসুল হকের পরিবারের পক্ষ থেকে তার ছেলে নাভিদুল হক বলেন, ডিএনসিসির মেয়র থাকাকালীন তার প্রয়াত বাবার সাফল্য তার একার নয়; ডিএনসিসির সকল কাউন্সিলর, কর্মকর্তা-কর্মচারী এবং অন্যান্য সকলে এই সাফল্যের অংশীদার। প্যানেল মেয়র ওসমান গণি বলেন, আনিসুল হক ছিলেন কর্মঠ, সাহসী, সৎ এবং বিভিন্ন গুণে গুণান্বিত একজন ব্যক্তিত্বসম্পন্ন মানুষ। তার মতো মানুষ খুঁজে পাওয়া কষ্টকর।

স্মৃতিচারণ ও মিলাদ মাহফিলে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন স্থানীয় সরকার বিভাগের সচিব আবদুল মালেক, ডিএনসিসির প্রধান নির্বাহী কর্মকর্তা মো. মেসবাহুল ইসলাম, ওয়ার্ড কাউন্সিলর জাকির হোসেন বাবুল, প্যানেল মেয়রের সদস্য জামাল মোস্তফা প্রমুখ।